



বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
স্বাধীনতা ভবন
৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
প্রশাসন বিভাগ
(www.bffwt.gov.bd)



বিষয়ঃ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব এস এম মাহাবুবুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

সভার তারিখ : ৩১/০৫/২০২২ খ্রিঃ

সভার সময় : বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থান : সভাকক্ষ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

উপস্থিতি : পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে সভাপতি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে আয়োজিত সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য ট্রাস্টের সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-কে অনুরোধ জানান। সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার অন্যান্য আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সন্ধান্ত গৃহিত হয়:

০২। ট্রাস্টের সচিব (উপসচিব) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের অংশ হিসেবে আজকের এ সভার আয়োজন। তিনি বলেন, সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে দেশের শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের দোরগোড়ায় সেবা পৌঁছে দিয়ে তাদের জীবনমান উন্নত করার নিমিত্ত ট্রাস্ট নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন এ সংস্থার মাধ্যমে যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা, শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবার/মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা পরিবার ও মৃত খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা উত্তরাধিকারী/পরিবারের সেবা নিশ্চিত করা হয়ে থাকে। তিনি আরও বলেন, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার সঠিক বাস্তবায়ন বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর লক্ষ্য অর্জনে অগ্রণী ভূমিকা পালন করে। এ কারণে ২০২১-২০২২ অর্থবছরে এপিএ লক্ষ্য অর্জনে উক্ত পরিকল্পনাসমূহ বাস্তবায়নের কোনো বিকল্প নেই। তিনি সভায় উপস্থিত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা এবং শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদেরকে (প্রজন্ম) পরামর্শমূলক বক্তব্য উপস্থাপনের আহ্বান জানান।

০৩। যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আমির হোসেন মোল্লা বলেন, রাষ্ট্রের অন্যতম লক্ষ্য ও দায়িত্ব হলো নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক মানবাধিকার, সততা, ন্যায়বিচার প্রতিষ্ঠা এবং অর্থনৈতিক ও সামাজিক অধিকার নিশ্চিত করা। সেই লক্ষ্যে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি মুক্তিযোদ্ধা টাওয়ার-১ এর টয়লেটের ফিটিংস মেরামত/প্রতিস্থাপন করা দরকার মর্মে অবহিত করেন। এছাড়া চিকিৎসকদের রুমের পাশে অবস্থিত টয়লেটের সংস্কারের জন্য অনুরোধ জানান। এছাড়াও তিনি মুক্তিযোদ্ধা টাওয়ার-১ এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল তৈরীর অনুরোধ করেন।

০৪। যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আব্দুল লতিফ বলেন, ২০১৯-২০ সালের কল্যাণ ট্রাস্ট আর ২০২১-২২ সালের কল্যাণ ট্রাস্ট এক নয়। বর্তমানে আমূল পরিবর্তন হয়েছে। পূর্বের তুলনায় বর্তমানে কল্যাণ ট্রাস্ট সক্ষমতার চেয়ে অধিক সেবা প্রদান করছে। তিনি আরও বলেন, ট্রাস্টের প্রধান কার্যালয়ের দেয়ালে কয়েকজন দালালের নামের তালিকা টানানো রয়েছে যা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এতে সেবা প্রত্যাশিগণ সতর্ক হবেন। এজন্য তিনি ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে আন্তরিক অভিনন্দন জানান।

০৫। অতঃপর বিস্তারিত আলোচনান্ত নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আগামীতেও অংশীজনদেরকে (Stakeholders) নিয়ে নিয়মিত সভার আয়োজন করতে হবে;
- (খ) সেবা প্রত্যাশীগণকে নির্দিষ্ট সময়ের মধ্যে সেবা প্রদান করতে হবে।

০৬। পরিশেষে সুশাসন প্রতিষ্ঠায় সকলের সহযোগিতা কামনা করে এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


(এস এম মাহাবুবুর রহমান)

ব্যবস্থাপনা পরিচালক

ও

সভাপতি, শুদ্ধাচার নৈতিকতা কমিটি

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.৩১.০০৪.২১-১৭৫৩


তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৯ ব:
০৫ জুন ২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (০১) জনাব মোঃ সিরাজুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
- (০২) জনাব ছালেহ আহমেদ, উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
- (০৩) জনাব আবুল কালাম আজাদ, ব্যবস্থাপক (কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
- (০৩) জনাব মোঃ সাজ্জাদুল ইসলাম, সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল), প্রকৌশল শাখা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
- (০৪) জনাব ফয়েজ আহমেদ খান, বেসিক কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
- (০৫) জনাব শেখ গোলাম সরোয়ার, সহকারী প্রোগ্রামার (আইসিটি) ও বিকল্প ফোকাল পয়েন্ট, এনআইএস, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
(এ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
- (০৯) জনাব

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ০১। যুগ্মসচিব (উন্নয়ন) ও ফোকাল পয়েন্ট (NIS), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। পরিচালক (শিল্প ও বাণিজ্য/অর্থ/কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
- ০৩। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৪। অফিস কপি/গার্ড ফাই


(তরফদার মোঃ আক্তার জামীল)
সচিব (উপসচিব)

ও

ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি